বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকা/এইচআরএমডি-২/৩৭(১)(২২)/২০১৮-২০১৯/৬৬৬ তারিখ ঃ ০৩-০৯-২০১৮ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মস্থল ত্যাগ করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায়ে কর্মরত নির্বাহীগণের অনেকেই কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ না করে বিশেষতঃ সপ্তাহের শেষ কর্মদিবসে অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগ করে থাকেন এবং সাপ্তাহিক ছুটি ভোগ শেষে (রবিবার) বিলম্বে কর্মস্থলে ফিরে আসেন। সাপ্তাহিক ছুটি ব্যতীত অন্যান্য দিনেও আপনারা কেউ কেউ অনুরূপভাবে কর্মস্থল ত্যাগ করে থাকেন। প্রতি সপ্তাহের শেষে নির্বাহীগণের কর্মস্থল ত্যাগের ফলে সংশ্লিষ্ট নির্বাহীর নিয়ন্ত্রণাধীন কার্যালয়/শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে কাজের শৈথিল্যের প্রবণতা দেখা দেয়। এতে ব্যাংকের সামগ্রিক কর্মকান্ডেও নেতিবাচক প্রভাব পড়ে।

০২। প্রসঙ্গত উল্লেখ্য, বিগত ২০১৭-২০১৮ অর্থবছরের তুলনায় চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে ঋণ আদায়-বিতরণ সহ প্রায় সকল ক্ষেত্রে লক্ষ্যমাত্রা বৃদ্ধি করা হয়েছে। অথচ বিগত অর্থবছরের একই সময়ের তুলনায় লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন নেতিবাচক। যা কোন অবস্থাতেই কাম্য নয়।

০৩। এমতাবস্থায়, মাঠ পর্যায়ে কর্মরত সকল নির্বাহী এবং সংশ্লিষ্ট নির্বাহীর নিয়ন্ত্রণাধীন কার্যালয়/শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে (সাপ্তাহিক/সরকারী ছুটি সহ) কর্মস্থল ত্যাগ না করার জন্য বিশেষভাবে পরামর্শ দেয়া হলো। বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগকারী সংশ্লিষ্ট নির্বাহীকে প্রয়োজনে জবাবদিহিতার সম্মুখীন হতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৩/০৯/১৮

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
প্রশাসন মহাবিভাগ

নং-প্রকা/এইচআরএমডি-২/৩৭(১)(২২)/২০১৮-২০১৯/৬৬৬ তারিখ ঃ ০৩-০৯-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। নথি/মহানথি।

03/09/2018

(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক